

৮/৩/২০০৭

মুদ্রণ



## এইচএসসি : কুমিল্লার ছয় কেন্দ্র বাতিল

নওগান কর্তৃত, কুমিল্লা থেকে

উচ্চ মাধ্যমিক পরীক্ষার কেন্দ্র স্থাপনের চূড়ান্ত সিদ্ধান্ত অনুযায়ী কুমিল্লা জেলায় ৬টি কেন্দ্র বাতিল করা হয়েছে। বাতিল কেন্দ্রগুলো হচ্ছে মাকসামের নীলকান্ত কলেজ, বাঙ্গলপাড়ার আমির হোসেন জোবেদ কলেজ, চৌদ্দহামের গুরুত্ব কলেজ, বৰুড়ার আজ্ঞা কলেজ, দাউদকালির বেগম রাবেয়া মহিলা কলেজ এবং জেলা সদরের কুমিল্লা মহিলা মহাবিদ্যালয়। বোর্ড কর্তৃপক্ষ ৬টি জেলার জন্য ১১টি এবং কুমিল্লা জেলা প্রশাসন ৩৪টি ভিজিলেস টিম গঠন করেছে।

কুমিল্লা জেলায় ৯৮টি কলেজ থেকে এ বছর মোট পরীক্ষার্থী ৩০ হাজার ৮৪০ জন। এর মধ্যে নতুন পরীক্ষার্থী ২৯ হাজার ২৫২। এবং পুরাতন এক হাজার ৫৮৮ জন। পুরুষ পরীক্ষার্থী ১৯ হাজার ১৭০ এবং মহিলা পরীক্ষার্থী ১১ হাজার ৬৭০ জন। এ বছর কুমিল্লা বোর্ডের অধীন নোয়াখালী জেলায় ১৪টি, ফেনীতে ১০টি, লক্ষ্মীপুরে ৮টি, চানপুরে ২১টি, কুমিল্লায় ৩১টি এবং বাঙ্গলবাড়িয়ায় ২৫টিসহ মোট ৯৫টি কেন্দ্র জেলাপ্রতিমিদ্যদের অন্তর্ভুক্ত করেছে।

৬৯ হাজার ২৬৮ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে পুরুষ ৪৩ হাজার ২৬ এবং মহিলা ২৬ হাজার ২৪২ জন। কুমিল্লা শিক্ষা বোর্ডের একটি সূত্র জানায়, গত বছর ব্যাপক নকলপ্রবণ কেন্দ্রগুলোর ব্যাপারে বোর্ড এবং জেলা প্রশাসন এবার বিশেষ সতর্ক থাকবে। কোন কেন্দ্রে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে, তালে গেলে জেলা সদরে কেন্দ্র স্থানান্তরেরও ব্যবস্থা রয়েছে। জেলা প্রশাসক মোঃ রেজাউল করিম সোমবার সম্মেলন কক্ষে ১৩ উপজেলা নির্বাচী কর্মকর্তা, জেলা প্রশাসনের ম্যাজিস্ট্রেট এবং আতিরিক্ত জেলা প্রশাসকদের নিয়ে এক জরুরি সভায় সংগৃহীত পরীক্ষা গ্রহণের জন্য মতবিনিময় করেন। জেলা প্রশাসক এ প্রতিনিধিকে জানান, যে কোনভাবেই হোক এবার কুমিল্লায় নকলযুক্ত পরিবেশে এইচএসসি পরীক্ষা গ্রহণে প্রশাসন সর্বান্ধক প্রচেষ্টা চালিয়ে যাবেন। তিনি ভিজিল্যাস টিমগুলোতে সরকারি কর্মকর্তা, ম্যাজিস্ট্রেট, সাংবাদিক, আডভোকেট এবং জনপ্রতিমিদ্যদের অন্তর্ভুক্ত করেছেন।